



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০১৩.২০-৫৯৩

তারিখ: ০৯ অগ্রহায়ণ ১৪২৭
২৪ নভেম্বর ২০২০

প্রজ্ঞাপন


যেহেতু বিলাইছড়ি উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব রবিন তঞ্চঙ্গ্যা বিজ্ঞ চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট রাজামাটি পার্বত্য জেলা আদালত এর মামলা নং-বন (সি. আর.)-০৬/১৬ (দঃ) ধারা: ১৯২৭ সনের বন আইন (২০০০ সনে সংশোধিত) এর ২৬(১ক) ধারার অপরাধে গত ০১/০৯/২০১৯ তারিখে দণ্ডপ্রাপ্ত হয়েছেন; এবং

যেহেতু উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(খ) ধারা লংঘিত হয়েছে;

সেহেতু সরকার জনস্বার্থে তাকে তার স্থায় পদ হতে তাকে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, বিলাইছড়ি উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব রবিন তঞ্চঙ্গ্যা ফৌজদারী আদালত কর্তৃক দণ্ডিত হওয়ার কারণে উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(২) ধারা এবং উপজেলা পরিষদ সদস্য ও মহিলা সদস্যদের (অপসারণ, অনাস্থা ও পদ-শূন্যতা) বিধিমালা, ২০১৬ মোতাবেক তাকে স্থায় পদ হতে অপসারণ করে পদটি শূন্য ঘোষণা করা হলো। গত ২০/০৯/২০২০ তারিখের তার সাময়িক বরখাস্তের আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।


২৪/১১/২০২০
(মোহাম্মদ সামছুল হক)

উপসচিব

ফোন: ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
- ৪। মাননীয় মন্ত্রী একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, রাজামাটি পার্বত্য জেলা।
- ৬। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজামাটি পার্বত্য জেলা।
- ৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিলাইছড়ি, রাজামাটি পার্বত্য জেলা।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, বিলাইছড়ি, রাজামাটি পার্বত্য জেলা।
- ১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিলাইছড়ি, রাজামাটি পার্বত্য জেলা।
- ১২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজামাটি পার্বত্য জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিলাইছড়ি, রাজামাটি পার্বত্য জেলা।